


দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।।

১.► নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

জনাব মোজাহিদুল ইসলাম উচ্চতর শিক্ষার জন্য বৃত্তি নিয়ে অস্ট্রেলিয়ায় অবস্থান করছেন। তার ছোট ভাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২য় বর্ষের শিক্ষার্থী। দুই ভাইয়ের আলাপ চলাকালে তার ছোট ভাই জানালেন ঢাকায় প্রচণ্ড গরম ও গ্রীষ্মকাল, আর মোজাহিদ বললেন, অস্ট্রেলিয়ায় প্রচণ্ড শীত ও শীতকাল।

- ক. সৌরজগতের ক্ষুদ্রতম গ্রহের নাম কী? ১
- খ. সূর্যকে নক্ষত্র বলা হয় কেন? ২
- গ. জনাব মোজাহিদুল ইসলামের অবস্থানকৃত দেশ ও ঢাকার ঋতুর পার্থক্যের কারণ ব্যাখ্যা করো। ৩
- ঘ. পৃথিবীপৃষ্ঠের ওপর উক্ত ঘটনার প্রভাব বিশ্লেষণ করো। ৪

২.► নিচের চিত্র লক্ষ করো ও প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. পর্বত কাকে বলে? ১
- খ. পাললিক শিলায় জীবাশ্ম দেখা যায় কেন? ব্যাখ্যা করো। ২
- গ. চিত্র-১ এর 'A' ও 'B' স্তরের বর্ণনা দাও। ৩
- ঘ. চিত্র-২ এর ঘটনাটির ফলাফল বিশ্লেষণ করো। ৪

৩.► নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

সম্প্রতি 'X' নামক একটি ঘূর্ণিঝড় যুক্তরাষ্ট্রে প্রচণ্ড বেগে আঘাত হানে। এতে

যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঞ্চলে জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। পরিবেশ বিজ্ঞানীরা মনে করেন, আগের তুলনায় বায়ুমন্ডলের তাপমাত্রা বৃদ্ধি পাওয়ায় এ ধরনের দুর্যোগের সৃষ্টি হয়। যা জলবায়ু পরিবর্তনের ফলস্বরূপ।

- ক. বৃষ্টিপাত কত প্রকার? ১
খ. স্থানীয় বায়ু বলতে কী বোঝ? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে কোন ঘটনাটির প্রভাবে 'X' নামক ঘূর্ণিঝড়ের উৎপত্তি হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের ওপর উক্ত ঘটনার প্রভাব-বিশ্লেষণ করো। ৪

৪.► রেদোয়ান বাংলাদেশ নৌবাহিনীর একজন অফিসার। তার কাজের প্রয়োজনে তাকে বঙ্গোপসাগর ও ভারত মহাসাগরের বিভিন্ন জায়গায় ঘুরে বেড়াতে হয় এবং সম্পদের সন্ধানে সমুদ্রের তলদেশে অনুসন্ধান চালাতে হয়। কারণ এর তলদেশে রয়েছে অফুরন্ত সম্পদ।

- ক. সমুদ্র স্রোত কাকে বলে? ১
খ. জোয়ার সৃষ্টিতে কেন্দ্রাতিগ শক্তির প্রভাব ব্যাখ্যা করো। ২
গ. রেদোয়ানের অনুসন্ধানকৃত মহাসাগরের তলদেশের ভূমিরূপ-ব্যাখ্যা করো। ৩
ঘ. মানব জীবনের ওপর উক্ত সম্পদের প্রভাব বিশ্লেষণ করো। ৪

৫.► সম্প্রতি প্রতিবেশী দেশ মায়ানমারে বৌদ্ধ সম্প্রদায় ও সংখ্যালঘু রোহিঙ্গা মুসলমানদের মধ্যে জাতিগত দাঙ্গা দেখা দেয়। ফলে নিজেদের জীবন রক্ষার্থে রোহিঙ্গা মুসলমানগণ কক্সবাজারে আশ্রয় নেয়।


- ক. অভিবাসন কাকে বলে? ১
খ. শরণার্থী বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. কক্সবাজারে উখিয়াতে রোহিঙ্গাদের আশ্রয় গ্রহণ কোন ধরনের অভিগমন? ব্যাখ্যা করো। ৩

ঘ. রোহিঙ্গাদের অভিগমন ঐ অঞ্চলের সার্বিক পরিবেশের উপর বিরূপ প্রভাব ফেলবে- এর পক্ষে তোমার মতামত দাও। ৪

৬.► নিচের ছকটি লক্ষ কর ও প্রশ্নগুলোর উত্তর দাও :

| অঞ্চল | বৈশিষ্ট্য |
|-------|---|
| X | অধিকাংশ অধিবাসী অকৃষি পেশার সাথে জড়িত, বসতি নিবিড় |
| Y | বিক্ষিপ্ত বসতি, কৃষি কাজের প্রাধান্য |

- ক. মানব বসতি কি? ১
- খ. বসতি গড়ে ওঠার ১টি কারণ বর্ণনা করো। ২
- গ. 'Y' অঞ্চলের বসতির ধরণ ব্যাখ্যা করো। ৩
- ঘ. 'X' বসতির প্রভাব কী অর্থনীতির উন্নয়ন ঘটায় এর পক্ষে তোমার মতামত মূল্যায়ন করো। ৪
- ৭.► ঢাকার অদূরে ডেমরা থেকে নারায়ণগঞ্জ শহর পর্যন্ত শীতলক্ষ্যা নদীর তীরে দীর্ঘদিন ধরে নানা ধরনের শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে। এর মধ্যে ইপিজেড, জুট মিলস, কটনমিলস উল্লেখযোগ্য।
- ক. কৃষিকাজ কোন ধরনের কর্মকাণ্ড? ১
- খ. বাণিজ্য ঘাটতি বলতে কী বোঝায়? ২
- গ. উদ্দীপকে উল্লিখিত শিল্পগুলো কোন শ্রেণির ব্যাখ্যা করো। ৩
- ঘ. উক্ত অঞ্চলে শিল্প গড়ে ওঠার প্রাকৃতিক কারণ বিশ্লেষণ করো। ৪
- ৮.► নিচের চিত্রটি লক্ষ কর ও প্রশ্নগুলোর উত্তর দাও :-




- ক. বাংলাদেশে মোট নদীর সংখ্যা কতো? ১
- খ. বাংলাদেশের সীমা বর্ণনা করো। ২
- গ. 'C' অঞ্চলে ভূ-প্রাকৃতিক গঠন ব্যাখ্যা করো। ৩
- ঘ. 'A' ও 'B' ভূমিরূপের তুলনামূলক বৈসাদৃশ্য বিশ্লেষণ করো। ৪
- ৯.► নাছিম দ্বাদশ শ্রেণির ছাত্র। তাদের বাড়ি বাংলাদেশের উত্তর পশ্চিমাঞ্চলে। তার বাবা বাড়িতে কৃষিকাজ করেন। এ বছর বৃষ্টি ও ভূগর্ভস্থ

পানির স্বল্পতার কারণে তার বাবা চাষবাদ করতে পারেনি। আবার ভারত থেকে আসা অতিরিক্ত পানিতে তাদের এলাকা পানির নিচে তলিয়ে যায়।

- ক. নদী ভাঙন কী ধরনের দুর্যোগ? ১
খ. দুর্যোগ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২
গ. নাছিম এর বাবা প্রথম অবস্থায় যে বিপর্যয়ের শিকার তা ব্যাখ্যা করো। ৩
ঘ. শেষোক্ত বিপর্যয়টি বেশি ক্ষতিকর এর জন্য তোমার মতামত দাও। ৪
১০. ▶



- ক. দুর্যোগ কী? ১
খ. প্রশমন বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে কোন দুর্যোগ নির্দেশ করা হয়েছে, তা বর্ণনা করো। ৩
ঘ. উক্ত ঘটনার সময় তোমার করণীয়সমূহ উপস্থাপন করো। ৪
১১. ▶



- ক. বাংলাদেশের যাতায়াত ব্যবস্থা কত প্রকার? ১
খ. সড়ক পথ গড়ে ওঠার একটি কারণ ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে কোন ধরনের যোগাযোগ ব্যবস্থা নির্দেশ করা হচ্ছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের মানচিত্রে উক্ত যোগাযোগ ব্যবস্থার পথসমূহ অংকন করে দেখাও। ৪

বিশেষ দৃষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।।

১. সর্বপ্রথম কে Geography শব্দটি ব্যবহার করেন?

- ক) কার্ল রিটার
খ) ইরাটসথেনিস
গ) পার্ক
ঘ) ডাডলি স্ট্যাম্প

২. কোন বলের কারণে মানুষ ও জীবজন্তু পৃথিবী থেকে ছিটকে পড়ে না?

- ক) মধ্যাকর্ষণ বল
খ) মহাকর্ষ বল
গ) অভিকর্ষ বল
ঘ) কেন্দ্রাতিগ বল

৩. পালঙ্গিক শিলাকে কী বলা হয়?

- ক) বহিঃজ শিলা
খ) অজৈব শিলা
গ) স্তরীভূত শিলা
ঘ) অন্তরীভূত শিলা

৪. মধ্যপুর বনে কোন ধরনের বসতি গড়ে উঠেছে?

- ক) সংঘবন্দু
খ) বিক্ষিপ্ত
গ) পুঞ্জীভূত
ঘ) রেখিক

৫. মানচিত্রের ভাষা হচ্ছে—

- i. সংকেত
ii. রঙ
iii. রেখা

নিচের কোনটি সঠিক?


- ক) i ও ii
খ) ii ও iii
গ) i ও iii
ঘ) i, ii ও iii

৬. কোন অঞ্চলে পশ্চিমা বায়ুর গতিবেগ সবচেয়ে বেশি?

- ক) ২৫°—৩০° উঃ অক্ষাংশ
খ) ৪০°—৪৭° উঃ অক্ষাংশ
গ) ২৫°—৩০° দঃ অক্ষাংশ
ঘ) ৪০°—৪৭° দঃ অক্ষাংশ

৭. জনসংখ্যা বন্টনের অপ্রাকৃতিক প্রভাবক কোনটি?

- ক) পানি
খ) শ্রমিক
গ) জলবায়ু
ঘ) মৃত্তিকা



৮. '?' স্থানে কোনটি বসবে?

- ক) মহীসোপান
খ) মহীঢাল
গ) গভীর সমভূমি
ঘ) গভীর খাত

৯. লালমাই পাহাড়ের আয়তন কত বর্গ কি.মি.?

- ক) ৩৪
খ) ৯০
গ) ১২৩০
ঘ) ৯৩২০

১০. রংপুরের রাণীপুকুর থেকে কোন খনিজ উত্তোলন করা হয়?

- ক) প্রাকৃতিক গ্যাস
খ) কয়লা
গ) খনিজ তেল
ঘ) কঠিন শিলা

১১. কোনো স্থানে মধ্যাহ্নে সূর্য যখন মাথার উপরে আসে তখন সময় কতটা ধরা হয়?

- ক) ১২.০০ টা
খ) ১২.১৫ টা
গ) ১২.৩০ টা
ঘ) ১.০০ টা

১২. নিরক্ষরেখাকে বলা হয়—

- i. বিষুব রেখা
ii. মহাবৃত্ত
iii. ক্রান্তি রেখা

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii

১৩. কীভাবে নবায়নযোগ্য সম্পদ বৃদ্ধি করা যায়?

- ক) সংরক্ষণের মাধ্যমে
খ) জীবনাচারণের মাধ্যমে
গ) উত্তম ব্যবস্থাপনার মাধ্যমে
ঘ) কর্তব্যপরায়ণের মাধ্যমে

১৪. কোন ধরনের শিল্পের জন্য শতাধিক শ্রমিকের প্রয়োজন?

- ক) ক্ষুদ্র শিল্প
খ) মাঝারি শিল্প
গ) বৃহৎ শিল্প
ঘ) কুটির শিল্প

১৫. বাংলাদেশের প্রধান নদীগুলোর প্রবাহিত পানির কত শতাংশ বাইরে থেকে আসে?

- ক) ৭০% খ) ৮০%
গ) ৯০% ঘ) ১০০%

| ঢাকা | নেপাল |
|--------|-----------|
| ৯০°২৬' | ৭০° পূর্ব |

১৬. ঢাকা ও নেপালের স্থানীয় সময়ের পার্থক্য কত?

- ক) ৫২ মিনিট ৪০ সেকেন্ড
খ) ৫২ মিনিট ৪৪ সেকেন্ড
গ) ৫৩ মিনিট ৪০ সেকেন্ড
ঘ) ৫৩ মিনিট ৪৪ সেকেন্ড

১৭. কোন অঞ্চলে উষ্ণ স্রোত দেখা যায়?

- ক) নিরক্ষীয়
খ) মেরু অঞ্চলে
গ) ৯০° অক্ষাংশে
ঘ) মেরুবৃত্তীয় অঞ্চলে

১৮. বঙ্গোপসাগরে কত প্রজাতির চিহ্নি আছে?

- ক) ১৩ খ) ১৯
গ) ৩৩৬ ঘ) ৪৪২

নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :

ফুলপুর গ্রামের হাসনা বেগম চাল ভেজে মুড়ি তৈরি করেন। তার ছেলে হাশিম তা শহরে নিয়ে বিক্রি করে।

১৯. হাসনা বেগম কোন পর্যায়ের অর্থনৈতিক কার্যাবলির সাথে জড়িত?

- ক) প্রথম খ) দ্বিতীয়
গ) তৃতীয় ঘ) চতুর্থ

২০. হাশিম বস্তুর উপযোগিতা বৃদ্ধি করে—

- i. আকার পরিবর্তন করে
ii. পরিবহনের মাধ্যমে
iii. ব্যবসায়ের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii


২১. বাংলাদেশ কখন গ্রীষ্মকাল?

- ক) মার্চ—মে
খ) জুন—আগস্ট
গ) সেপ্টেম্বর—নভেম্বর

ঘ) ডিসেম্বর—ফেব্রুয়ারী

২২. বাংলাদেশের মোট রপ্তানি বাণিজ্যের কত শতাংশ চট্টগ্রাম বন্দর দিয়ে হয়?

- ক) ৮০% খ) ৮৫%
গ) ৯০% ঘ) ৯৫%

২৩. মানচিত্রে () প্রতীক দ্বারা কী বোঝায়?

- ক) নদী খ) সেতু
গ) পাকা রাস্তা ঘ) রেল লাইন

২৪. পানি যে অবস্থায় আছে—

- i. কঠিন
ii. তরল
iii. গ্যাসীয়

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৫. বর্তমানে বাংলাদেশের জনসংখ্যার ঘনত্ব কত?

- ক) ৯৫৫ জন খ) ১০৫০ জন
গ) ১৬৩২ জন ঘ) ১০১৫ জন

২৬. গঙ্গা নদী কোন জেলা দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে?

- ক) রাজশাহী খ) কুষ্টিয়া
গ) দৌলতদিয়া ঘ) ত্রিপুরা

২৭. তিনদিকে স্থল ও একদিকে জল দ্বারা বেষ্টিত জলরাশিকে কি বলে?

- ক) Lake খ) Sea
গ) Ocean ঘ) Bay

২৮. কখন উপযুক্ত সাড়াদানের প্রয়োজন হয়?

- ক) দুর্যোগের সময়
খ) দুর্যোগের পূর্বে
গ) দুর্যোগের পরপরই
ঘ) পুনরুদ্ধারের পর

২৯. লিগনাইট কয়লা উত্তোলন করা হয় কোথায়?

- ক) বড় পুকুরিয়া
খ) মধ্যপাড়া
গ) বাঘিরা
ঘ) রাণীপুকুর,

৩০. কোনটি ভজিাল পর্বতের উদাহরণ?

- ক) রকি খ) ভিসুভিয়াস
গ) আন্দিজ ঘ) ফুজিয়ামা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|-------|----|---|----|---|----|---|----|---|----|---|----|---|----|---|----|---|----|---|----|---|----|---|----|---|----|---|----|---|----|---|
| উত্তর | ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | খ | ২০ | খ | ২১ | ক | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ক |